

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং শাখা

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০৪১.১১-২৬৬

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৩
১২ মে ২০১৬ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
সিঁজিএ ভবন, সেগুন বাগিচা,
ঢাকা।

বিষয়ঃ সেবা পরিদপ্তরের আওতায় নব-নির্মিত ১২ টি নার্সিং ইনস্টিটিউট এর জন্য সৃজনকৃত মোট ২১৬ (দুইশত ষোল) টি অস্থায়ী পদের মেয়াদ সংরক্ষণ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সেবা পরিদপ্তরের আওতায় (১) নীলফামারী (২) নওগাঁ (৩) মাদারীপুর (৪) গোপালগঞ্জ (৫) বরগুনা (৬) পিরোজপুর (৭) ঝিনাইদহ (৮) জামালপুর (৯) চাঁদপুর (১০) কিশোরগঞ্জ (১১) হবিগঞ্জ (১২) পঞ্চগড়সহ মোট ১২ টি নব-নির্মিত নার্সিং ইনস্টিটিউট এর জন্য অস্থায়ী রাজস্বখাতে সৃজনকৃত এবং এ মন্ত্রণালয়ের ০৯-০৪-২০১৫ খ্রিঃ তারিখের ৪৫.১৫৮.০১৫.০০.০০.০৪১.২০১১-১৮৪ সংখ্যক আদেশে ৩১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত সংরক্ষিত নিম্নোক্ত ২১৬ (দুইশত ষোল) টি পদের মেয়াদ ০১-০৬-২০১৫ খ্রিঃ তারিখ হতে ৩১-০৫-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সংরক্ষণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী)
১.	নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (১X১২)	১২	৮০০০-১৬৫৪০/-
২.	নার্সিং ইনস্ট্রাক্টর (৪X১২)	৪৮	৮০০০-১৬৫৪০/-
৩.	উচ্চমান সহকারী (১X১২)	১২	৫২০০-১১২৩৫/-
৪.	অফিস সহকারী কাম-ডাটা এন্ট্রি অপারেটর (১X১২)	১২	৪৭০০-৯৭৪৫/-
৫.	ক্যাশিয়ার (১X১২)	১২	৪৭০০-৯৭৪৫/-
৬.	হাউজ কিপার (১X১২)	১২	৪৭০০-৯৭৪৫/-
মোট= ১০৮ টি			
৭.	টেবিল বয় (১X১২)	১২	আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য।
৮.	কুক (১X১২)	১২	
৯.	এম.এল.এস.এস (২X১২)	২৪	
১০.	গার্ড (দারোয়ান) (৩X১২)	৩৬	
১১.	মালী (১X১২)	১২	
১২.	সুইপার (১X১২)	১২	

মোট= ১০৮ টি

সর্বমোট=১০৮+১০৮=২১৬ (দুইশত ষোল) টি

২। শর্তাবলীঃ

- (১) কোন শূন্য পদ (যদি থাকে) সংরক্ষণ করা যাবে না।
- (২) চলতি অর্থ বছরের বাজেট হতে এ ব্যয় মেটাতে হবে, অতিরিক্ত বরাদ্দ দেওয়া যাবে না।

৩। এ বাবদ ব্যয়ভার ২০১৫-২০১৬ অর্থ বছরের জিও-তে উল্লিখিত প্রতিষ্ঠান সমূহের স্ব-স্ব কোড/সেবা পরিদপ্তরের সংশ্লিষ্ট কোড থেকে বহন করা হবে।

৪। এ আদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮-০১-২০১৬ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০.১৫৯.০১৫.০০৬.০৬-১৬ ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৩-০৩-২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১৫৬.০১৫.৪৫.০৪.১৭.২০০৭-১৫৫ সংখ্যক স্মারকে প্রদত্ত সন্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।


৩৪৫/

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০৪১.১১-

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৩
১২ মে ২০১৬ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪ (চার) কপি অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখায় প্রেরণ করা হলো। তন্মধ্যে ০১ (এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট এবং ০১ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

নং-০৭.১৫৬.০১৫.৪৫.০৪.১৭.২০০৭-

তারিখ: ১২/০১৬ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০১ (এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।


উপ- সচিব
ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং-৪৫.১৫৮.০১৫.০০.০০.০৪১.১১- ২৬৫/২ (৪৫)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৩
১২ মে ২০১৬ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দুঃ আঃ অতিরিক্ত সচিব (সওব্য)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক, -----।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ভারপ্রাপ্ত পরিচালক, সেবা পরিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো:
- ৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----।
- ৯। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট,-----।
- ১০। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্ম সচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৫৮.০৮২.০০.০০.০৪৮.১১-

তারিখঃ ১ জ্যৈষ্ঠ ১৪২৩
১৫ মে ২০১৬

প্রজ্ঞাপন

পুণরাদেশ না দেওয়া পর্যন্ত কক্সবাজার নার্সিং ইনস্টিটিউটের নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ কে উক্ত ইনস্টিটিউটের কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন ও ব্যয়সহ অন্যান্য আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য আহরণ ও ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) নিয়োগ করা হলো।

০২। কক্সবাজার জেলা হাসপাতালের 'হাসপাতাল তত্ত্বাবধায়ক'কে কক্সবাজার নার্সিং ইনস্টিটিউটের আহরণ ও ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) নিয়োগ সংক্রান্ত এ মন্ত্রণালয়ের ১২-১০-২০০৬ তারিখের স্বাপকম/নাসা/আয়ন/ব্যয়ন-৩/২০০০/৪৪৮ সংখ্যক প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩৪৪: /

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারি সচিব
ফোন নং-৯৫৪৫৭৭৯

নং-৪৫.১৫৮.০৮২.০০.০০.০৪৮.১১- ২৩৯ (১২)

তারিখঃ ১ জ্যৈষ্ঠ ১৪২৩
১৫ মে ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক(স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৪। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ভারপ্রাপ্ত পরিচালক, সেবা পরিদপ্তর, শেরে বাংলানগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলানগর, ঢাকা।
কক্সবাজার নার্সিং ইনস্টিটিউটের ২০১১-২০১২ অর্থ বছরের আর্থিক অনিয়মের বিষয়ে ব্যবস্থা গৃহীত না হয়ে থাকলে তদন্ত প্রতিবেদনসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফর্মস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিও ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯। হাসপাতাল তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল, কক্সবাজার।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
- ১১। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, কক্সবাজার নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।
- ১২। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারি সচিব